## গুরুতর মানহানি

যদি কোনও ব্যক্তির বা তার সম্পত্তির ক্ষতি করার হুমকিসহ তাকে হেয় করা হয়, অথবা অন্যদেরকে কোনও ব্যক্তি বা তার সম্পত্তির শারীরিক ক্ষতির হুমকি দেওয়ার জন্য প্ররোচিত করা হয়, তাহলে এটি একটি শাস্তিযোগ্য অপরাধ।
এ ধরণের কর্মকান্ড গুরুতর মানহানিকর এবং পুলিশে রিপোর্ট করা উচিত।

### উদাহরণ:

একটি শান্তিপূর্ণ সমাবেশের সময়, জনসাধারণের মধ্যে অংশগ্রহণকারী নয় এমন সদস্য গোষ্ঠীর বিরুদ্ধে সহিংসতার হুমকি দেন এবং অন্যদেরও একই কাজ করতে উৎসাহিত করেন। এই সহিংসতার হুমকিগুলি কোন গোষ্ঠীর ধর্মীয় এবং জাতিগত পরিচয়ের উপর ভিত্তি করে সংঘটিত হয়।

গুরুতর মানহানিকর অপরাধের জন্য দোষী সাব্যস্ত ব্যক্তিকে তিন বছর পর্যন্ত কারাদণ্ড প্রদান করা হতে পারে।

## রিপোর্ট করার সময় যা যা লাগবে

কোনও ঘটনার বিষয়ে অভিযোগ করার সময়, আপনার অবস্থান উল্লেখ করা উচিত এবং আপনি কী ঘটনার মধ্য দিয়ে গিয়েছেন বা কী প্রত্যক্ষ্য করেছেন তা বর্ণনা করা উচিত। প্রাথমিক তদন্তের সময়, পুলিশ ভুক্তভোগী এবং সাক্ষীদের সাক্ষাৎকার নিতে পারে, বিশদ বিবরণ রেকর্ড করতে পারে, ভুক্তভোগীর সুরক্ষার প্রয়োজনীয়তা যাচাই করতে পারে এবং বাস্তব প্রমাণ সংগ্রহ করতে পারে। আপনি নাম প্রকাশে অনিচ্ছুক হতে পারেন, তবে এটি পুলিশের তদন্তে প্রভাব ফেলতে পারে। আপনার আশেপাশে ঘৃণা-প্রণোদিত যেকোনো অপরাধের বিষয়ে রিপোর্ট করতে আমরা পরামর্শ দেই।

## রিপোর্টিং কিভাবে করবেন

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার বা অন্য কারো বিরুদ্ধে সংঘটিত কোন অপরাধ ঘৃণার দ্বারা অনুপ্রাণিত, তাহলে আপনি নিম্নলিখিত উপায়ে এটি রিপোর্ট করতে পারেন:

- **জরুরি অবস্থা:** যদি এখন কোন অপরাধ সংঘটিত হয়, তাহলে ট্রিপল জিরো নম্বরে (000) কল করুন।
- **পুলিশলিঙ্ক:** অনলাইনে অপরাধের রিপোর্ট করুন police.qld.gov.au/policelink-reporting ওয়েবসাইটে অথবা 131 444 নম্বরে কল করুন।
- **ক্রাইম স্টপারস:** জরুরি নয় এমন অপরাধমূলক কার্যকলাপ বা সন্দেহজনক কার্যকলাপের বেনামী প্রতিবেদনের জন্য crimestoppersqld.com.au ওয়েবসাইটে যান।
  অথবা 1800 333 000 নম্বরে কল করুন।
- **সশরীরে:** আপনি যেকোনো থানায় ব্যক্তিগতভাবে অপরাধের অভিযোগ জানাতে পারেন।

আপনি 1300 130 670 নম্বরে কল করে অথবা qhrc.qld.gov.au ওয়েবসাইটে অনলাইনে **কুইন্সল্যান্ড মানবাধিকার কমিশনের** সাথে যোগাযোগ করতে পারেন।

Queensland Human Rights Commission

Queensland Government

# হেইট ক্রাইম

## আপনি কি হেইট ক্রাইম আইন বিষয়ে সচেতন?



আপনার **অধিকার** এবং প্রাপ্য **রিপোর্টিং এর উপায় গুলি<3}চিহ্নিত করুন**।

Queensland Human Rights Commission

Queensland Government

## হেইট ক্রাইম বলতে কি বুঝায়

হেইট ক্রাইম হলো ঘৃণা দ্বারা অনুপ্রাণিত একটি অপরাধমূলক কাজ এবং এটি কোনও একক ব্যক্তি বা গোষ্ঠীর বিরুদ্ধে তাদের বৈশিষ্ট্যের প্রতি বিদ্বেষ বা পক্ষপাতের ভিত্তিতে সংঘটিত হয়।

হেইট ক্রাইমের অন্তর্ভুক্ত যে সকল বিষয় বিবেচিত হতে পারে:

- **আপত্তিকর শব্দ প্রয়োগ বা আচরণ প্রদর্শন**
  সরাসরি ব্যক্তির বৈশিষ্ট্যের সাথে সম্পর্কিত গালিগালাজ বা হুমকি
- **শারীরিক আক্রমণ বা সহিংসতা**
  ঘুষি মারা, আঘাত করা, থুতু ফেলা, চড় মারা, লাথি মারা, অস্ত্র ব্যবহার করা, ধর্ষণ, খুন করা বা হুমকি দেওয়া
- **সম্পত্তির ক্ষতি**
  ভাঙচুর, অগ্নিসংযোগ, আপত্তিকর গ্রাফিতি, কবর বা উপাসনালয় অপবিত্র করা
- **হয়রানি**
  মিথ্যা অভিযোগ, পিছু হটা, ক্রমাগত ফোন কল, ইমেল বা টেক্সট বার্তা
- **অনলাইনে সংগঠিত অপরাধ**
  মানুষ বা সংখ্যালঘু গোষ্ঠীকে লক্ষ্য করে ঘৃণামূলক বার্তা বা পোস্ট, যার মধ্যে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিও রয়েছে যা সরাসরি আপনার উপর প্রভাব ফেলবে।

ঘৃণামূলক অপরাধগুলি ভুক্তভোগীদের বৈশিষ্ট্যগুলিকে লক্ষ্য করে সংঘটিত হয় এবং এদের মধ্যে রয়েছে:

- **জাতি**
- **ধর্ম**
- **যৌনতা**
- **লিঙ্গ পরিচয়**
- **লিঙ্গ বৈশিষ্ট্য**

ঘৃণার কারণে ঘটে যাওয়া কোনও ঘটনার সম্মুখীন হলে আমরা পুলিশে রিপোর্ট করার জন্য উৎসাহিত করি।

**উদাহরণ:**

একজন দোকান মালিকের লিঙ্গ পরিচয়ের কারণে একজন গ্রাহক তার দোকানের জানালা ভেঙে দিচ্ছেন।

## বৈষম্য এবং বেআইনি মানহানি বলতে যা বুঝায়

কুইন্সল্যান্ডের বৈষম্য আইন সকলের সাথে ন্যায্য আচরণ করতে উৎসাহিত করে। যদি আপনার কোনও বৈশিষ্ট্যের কারণে আপনার সাথে অন্যায্য আচরণ করা হয়, তাহলে তা বৈষম্য বা বেআইনি মানহানিকর বলে বিবেচিত হতে পারে। যদিও এই ঘটনাগুলি ফৌজদারি অপরাধের সীমা অতিক্রম না করে, তবুও কুইন্সল্যান্ড আইনের অধীনে এই আচরণগুলি নিষিদ্ধ।



বেআইনি মানহানি বলতে বোঝায় যখন কেউ প্রকাশ্যে কারো জাতি, ধর্ম, যৌনতা, লিঙ্গ বৈশিষ্ট্য বা লিঙ্গ পরিচয়ের কারণে ঘৃণা, গুরুতর অবজ্ঞা বা তীব্র উপহাস উস্কে দেয়। এর মধ্যে রয়েছে অনলাইনে কটু-কাটব্য থেকে রাস্তায় কাউকে হয়রানি করার মতো বিষয়।

**উদাহরণ:**

একটি বৃহৎ প্রশিক্ষণ কোর্সে যোগদানকারী একজন সাংস্কৃতিকভাবে ভিন্ন বিশিষ্টতার ব্যক্তিকে প্রধান প্রশিক্ষক, অন্যান্য প্রশিক্ষক এবং কোর্সের সদস্যদের সামনে জাতিগতভাবে অপমানজনক নামে ডাকেন, যার ফলে মন্তব্যে হাসির রোল পড়ে।

বৈষম্য হলো যদি আপনার জাতি, লিঙ্গ, অক্ষমতা, ধর্ম, বা যৌনতার মতো নির্দিষ্ট বৈশিষ্ট্যের কারণে কর্মক্ষেত্রে, স্কুলে, সরকারের সাথে আপনার লেনদেনে, অথবা পণ্য ও পরিষেবা অনুসন্ধানে আপনার সাথে অন্যায্য আচরণ করা হয়।

**উদাহরণ:**

একটি বাড়িভাড়া সংস্থা সমলিঙ্গের এক দম্পতিকে ভাড়া দিতে অস্বীকৃতি জানায়, যদিও তারা অন্য সকল শর্ত পূরনে অন্যদের চেয়ে এগিয়ে ছিল।

আপনি আরও জানতে পারেন অথবা কুইন্সল্যান্ড মানবাধিকার কমিশনের সাথে যোগাযোগ করে অভিযোগ করতে পারেন।